মেহেরপুরে তাপমাত্রার পারদ উঠল ৪০.৭ ডিগ্রিতে

মেহেরপুর জেলার উপর দিয়ে তীব্র প্রবাহ বয়ে যাচ্ছে। ঝাঁঝালো রোদের তীব্রতায় শুধু মানুষ নয় ওষ্ঠাগত প্রাণীকুলও। আজ বুধবার (১৭ এপ্রিল) জেলার তাপমাত্রার পারদ উঠল ৪০.৭ ডিগ্রিতে।

গতকাল মঙ্গলবার (১৬ এপ্রিল) জেলার তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল ৪০ দশমিক ৬ ডিগ্রি। টানা তাপদাহে অতিষ্ঠ হয়ে পড়েছে ভারতীয় সীমান্তবর্তী এই জেলার মানুষ। অসহ্য গরমে ওষ্ঠাগত হয়ে উঠেছে প্রাণিকুল। দিনের বেশিরভাগ সময় সূর্যের তাপে গরম অনুভূত হচ্ছে।

তীব্র প্রখরতায় উত্তাপে নিম্ন আয়ের শ্রমজীবী মানুষেরা পড়েছেন চরম বিপাকে।

বাইরে নির্মাণ শ্রমিক, কৃষি শ্রমিক, ব্যাটারিচালিত ইজিবাইকচালক ও ভ্যান-রিকশা চালকদের গরমে নাভিশ্বাস উঠেছে। হা-হুতাশ করতে দেখা গেছে তাদের। প্রয়োজনের তাগিদে ঘর থেকে বেরিয়েও কাজ করতে পারছেন না। ছন্দপতন ঘটছে দৈনন্দিন কাজকর্মে।

রাস্তার পাশের আখের রস ও শরবতের দোকানগুলোতে গলা ভেজাচ্ছেন সাধারণ মানুষ। একটু স্বস্তির আশায় গাছের নিচে ও ছায়াযুক্ত স্থানে বিশ্রাম নিচ্ছেন শ্রমজীবী মানুষেরা।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা জামিনুর রহমান বলেন, জেলার ওপর দিয়ে তীব্র তাপপ্রবাহ বয়ে চলছে। এ অবস্থা আরও কিছুদিন চলতে পারে। তবে এখনই বৃষ্টির সম্ভবনা নেই।